গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য (ভ্যাট নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড

এবং

কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

সূচীপত্র

যশোর কমিশনারেটের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

প্রস্তাবনা:

সেকশন ১: কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলী (Outcome/Impact) (Acronyms) কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা।

সেকশন ২: কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) (Acronyms)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ (Outcome/Impact)

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

# যশোর কমিশনারেটের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of Jessore Commissionerate)

**প্রেক্ষাপট ও সাম্প্রতিক অর্জনসমূহঃ**

১৯৯২ সালে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার পর থেকেই এ কমিশনারেট রাজস্ব (ভ্যাট ও শুল্ক) আহরণে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। ২০১৪-১৫ অর্থবছরের ন্যায় ২০১৫-১৬ অর্থবছরেও এ কমিশনারেট নির্ধারিত রাজস্ব লক্ষ্যমাত্রা শুধু অর্জনই নয় অতিক্রমও করেছে। ২০১৬-১৭ অর্থবছরে এ কমিশনারেটের মোট রাজস্ব লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ১৬২৫.৪৪ কোটি টাকা। বিগত অর্থবছরের ন্যায় চলতি অর্থবছরেও ধার্যকৃত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নিরলস প্রচেষ্টা অব্যাহত রয়েছে। উল্লেখ্য যে, জাতীয় রাজস্ব বোর্ডে অনুষ্ঠিত মার্চ, ২০১৭ পর্যন্ত সময়ে রাজস্ব পর্যালোচনা সভায় ১০টি Criteria এর ভিত্তিতে কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর কে **Commissioner of the month** ঘোষনা করা হয়। এ কমিশনারেট জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ও বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP), Strategic Plan (SP), উত্তম চর্চা (Best Practices), আধুনিক ব্যবস্থাপনা কাঠামো (GG, MMF, 5Cs, 5Fs, QQTTT, 3Is, 5Is ও 6Ps ) অনুসরণ, সরকারের ভিশন ২০২১ এবং ভিশন ২০৪১ বাস্তবায়ন, বহুমাত্রিক ব্যবসা বান্ধব মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, 2012 বাস্তবায়ন এবং করদাতা বান্ধব পরিবেশ সৃষ্টির মাধ্যমে এ লক্ষ্যমাত্রা অর্জন/অতিক্রমে দৃঢ় প্রতিজ্ঞ। মূসক কমিশনারেটের কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে প্রক্রিয়াকরণের জন্য ভ্যাট অনুবিভাগের আওতায় ভ্যাট অনলাইন এর নির্দেশনাসমূহ দ্রুত বাস্তবায়ন করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

- নতুন ভ্যাট আইন, 2012 বাস্তবায়ন, সঠিক ভ্যাট নির্ধারণ, চ্যালেঞ্জিং রাজস্ব লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আহরণ, ভ্যাট ফাঁকি রোধ, ভ্যাটের আওতা সম্প্রসারণ, নিরীক্ষা ও পরিদর্শন, বকেয়া পরিশোধ, বিচারাধীন মামলা দ্রুত নিষ্পত্তিকরণ (মামলা তদারকি ও বিকল্প বিরোধ নিষ্পত্তিকরণের মাধ্যমে) ও প্রশিক্ষিত জনবল স্বল্পতা, যানবাহনের অপ্রতুলতা, ক্ষুদ্র ও মাঝারী ব্যবসায়ী পর্যায়ে আদায় ও বিস্তৃত অধিক্ষেত্র।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

***f¨vU c×wZwU wbixÿwfwËK| G‡ÿ‡Î ivR¯ AvniY Ges msiÿ‡Yi †ÿ‡Î wbixÿv LyB ¸iæZcY©|***
ভবিষ্যতে জাতীয় রাজস্ব আহরণ বৃদ্ধির জন্য নিরীক্ষা কার্যক্রম জোরদারকরণ, স্টেকহোল্ডার ও অন্যান্য অংশীজনের সাথে অংশীদারিত্ব দৃঢ়করণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা, সর্বোচ্চ ট্যাক্স পেয়ার্স সার্ভিস নিশ্চিতকরণ, তথ্য প্রযুক্তি (আইসিটি) অবকাঠামো বিনির্মাণ ও অটোমেশন কার্যক্রমসমূহ জোরদারকরণ, ভ্যাটনেট সম্প্রসারণ, ভ্যাট ফাঁকি রোধ এবং আইন ও ভ্যাট প্রদান পদ্ধতি সহজীকরণ, ভ্যাট বিষয়ক শিক্ষা, বিজ্ঞাপন প্রচার; প্রয়োজনীয় উদ্যোগের মাধ্যমে উচ্চ আদালতের পেন্ডিং মামলাসমূহ নিষ্পত্তি ও সংশ্লিষ্ট রাজস্ব আহরণ; কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে কর্মক্ষমতা বৃদ্ধি এবং বিকল্প বিরোধ নিষ্পত্তির (ADR) মাধ্যমে রাজস্ব আহরণ জোরদার করার পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

**২০17-১8 অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- ২০17-১8 অর্থবছরের ধার্যকৃত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন;
- **প্রনীত নিরীক্ষা পরিকল্পনা ২০১৭-১৮ অনুযায়ী** নিবিড় নিরীক্ষা **কার্যক্রম পরিচালনা;**
- Annual Performance Aggrement (APA) অনুযায়ী সকল কার্যাদি সম্পাদন;

- Budget Implementation Plan (BIP) বাস্তবায়ন;
- Strategic Action Plan (SAP) অনুযায়ী কার্যক্রম সম্পাদন;
- অংশীদারিত্ব দৃঢ়করণ;
- আধুনিক ব্যবস্থাপনা কাঠামো অনুশীলন;
- যথাযথ করদায়িতা নির্ধারণ;
- ভ্যাটের আওতা বৃদ্ধি;
- ভ্যাট-এ অন্তর্ভুক্ত নতুন পণ্য ও সেবা খাত;
- উৎসে কর্তিত ভ্যাট আহরণ;
- ব্যবসায়ী পর্যায়ে ভ্যাট আহরণ;
- বকেয়া রাজস্ব পরিশোধে কার্যকরী উদ্যোগ গ্রহণ;
- দ্রুত অডিট আপত্তি নিষ্পত্তি;
- মামলা নিষ্পত্তি;
- বিকল্প বিরোধ নিষ্পত্তির (ADR) মাধ্যমে রাজস্ব আহরণ;
- কর্মকর্তাদের কর্মক্ষমতা;
- নিয়মিত দাখিলপত্র পরীক্ষা;
- বহুমাত্রিক ব্যবসা বান্ধব নতুন ভ্যাট আইন, 2012 বাস্তবায়ন;
- আগাম কর আহরণ;
- Intelligence work;
- অফিস সুসজ্জিতকরণ ও অফিসের শৃঙ্খলা বজায় রাখা;
- মাঠ পর্যায়ের কার্যক্রম নিবিড় মনিটরিং;
- স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা;
- তথ্য ও প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার;
- প্রচার প্রচারনা;

# উপক্রমণিকা (**Preamble**)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাপনসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

**কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর**

**এবং**

**সদস্য (ভ্যাট নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড এর মধ্যে**
**২০17 সালের . ... .... . ..... . .... ... ... ... মাসের . . . . . . . . . . . . . . . তারিখে**
**এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।**

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

# সেকশন ১:

## এ দপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্যে (Mission) কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলিঃ

1.1 রূপকল্প (**Vision**): তথ্য প্রযুক্তি নির্ভর, রাজস্ব আহরণে সুদক্ষ, সপ্রতিভ ও সেবা পরায়ণ একটি দপ্তর প্রতিষ্ঠার মাধ্যমে নির্ধারিত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন।

1.2 অভিলক্ষ্য (**Mission**): দ্রুত কার্য নিষ্পত্তি, আইন ও বিধান সম্পর্কে স্টেকহোল্ডারদের অবহিতকরণ, কর্মকর্তা/কর্মচারীদের যথাযথ প্রশিক্ষণ প্রদান, তথ্য ও দলিলাদি সংরক্ষণ ও বিতরণ, আইন বিধানের সঠিক প্রয়োগ, কায়িক ও পদ্ধতিগত সংস্কার সাধন, দাপ্তরিক কাজে তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করণ, কর প্রদান সংস্কৃতির বিকাশ, রাজস্ব কার্যক্রমে অংশীদারিত্ব দৃঢ়করণ।

1.3 কৌশলগত উদ্দেশ্যসমূহঃ রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে কার্যক্রম জোরদারকরণ, রাজস্ব কার্যক্রমে অংশীদারিত্ব আরো দৃঢ়করণ, করবান্ধব পরিবেশ সৃষ্টি, কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি, বকেয়া পরিশোধ, করদাতা উদ্বুদ্ধকরণ কর্মসূচী, রাজস্ব সংরক্ষণ, সুশাসন প্রতিষ্ঠা এবং ডিজিটাল পরিবেশ সৃষ্টি।

### 1.4 কার্যাবলীঃ

❑ **রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনঃ**

- রাজস্ব লক্ষ্যমাত্রার বিপরীতে আহরণ কার্যক্রম মনিটরিং;
- বাজেটে গৃহীত ভ্যাট ব্যবস্থা অনুযায়ী যথাযথ ভ্যাট আহরণ;
- প্রতিষ্ঠানের প্রকৃত করদায়িতা নির্ধারণ;
- ভ্যাটে অন্তর্ভুক্ত নতুন পণ্য ও সেবার অনলাইন ভ্যাটে নিবন্ধন ও ভ্যাট আহরণ;
- গুরুত্বপূর্ণ খাত ও প্রতিষ্ঠান চিহ্নিতকরণ ও রাজস্ব আহরণ বৃদ্ধি;
- অধিক রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠান নিয়মিত মনিটরিং;
- ঝুঁকিপূর্ণ পণ্য ও প্রতিষ্ঠান চিহ্নিতকরণ ও ব্যবস্থা গ্রহণ;
- জরিপের মাধ্যমে ভ্যাটের আওতা বৃদ্ধি;
- উৎসে কর্তিত ভ্যাট আদায়ে নিবিড় মনিটরিং;
- টোব্যাকো খাতে নজরদারি বৃদ্ধি;

❑ **রাজস্ব সংরক্ষণঃ**

- সঠিক টার্ণওভার নির্ধারণ,
- **নিরীক্ষা কার্যক্রম পরিচালনা,**

- দাখিলপত্র পরীক্ষা,
- অডিট আপত্তি নিষ্পত্তি,
- স্পট এসেসমেন্ট,

## ❑ করদাতাবান্ধব পরিবেশ সৃষ্টিঃ

- করদাতাদের সাথে নিয়মিত মতবিনিময় সভা;
- আইন ও বিধান স্টেকহোল্ডারদের অবহিতকরণ;
- করদাতাদের সেবার মান উন্নয়ন;
- দ্রুত সেবা প্রদান;
- বিধি ও পদ্ধতিগত সহজীকরণ;
- ভ্যাট সম্পর্কিত প্রচার প্রচারণা;

## ❑ কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিঃ

- ইনহাউস ট্রেনিং;
- মোটিভেশন সেশন করা;
- কার্যক্রম কঠোরভাবে মনিটরিং করা;
- দায়িত্ব সুনির্দিষ্টকরণ;
- কম্পিউটার প্রশিক্ষণ;
- ইন্টারনেট ব্যবহার (দাপ্তরিক ই-মেইল ও ফেসবুক);

## ❑ বকেয়া পরিশোধঃ

- বকেয়া তালিকা নিয়মিত হালনাগাদ করা;
- মামলাসমূহ নিষ্পত্তি;
- ADR এর মাধ্যমে মামলা নিষ্পত্তি;
- সরকারী সংস্থার বকেয়া পরিশোধে মনোনিবেশ;
- আইন ও বিধানের কঠোর প্রয়োগ;

## ❑ করদাতা উদ্বুদ্ধকরণ কর্মসূচীঃ

- বহুমাত্রিক ব্যবসা বান্ধব নতুন ভ্যাট আইন, 2012 সম্পর্কে ধারনা প্রদান;
- নিয়মিত সভা, সেমিনার ও ওয়ার্কসপ এর আয়োজন;
- ভ্যাট ট্রষ্টি ও ভ্যাট স্মার্ট হওয়ার জন্য উদ্বুদ্ধকরণ;
- ভ্যাটের গুরুত্বপূর্ণ বিষয়ে প্রচার;
- ব্যবসায়ী সমিতির সাথে সম্পর্ক উন্নয়ন ও মতবিনিময় সভা করা;
- আইন ও বিধানে প্রদত্ত সুবিধা সম্পর্কে ব্যবসায়ীগণকে অবহিতকরণ;
- **“উন্নয়নের অক্সিজেন রাজস্ব” এবং “জন কল্যানে রাজস্ব”** এ ধারণা করদাতাদের মনে বর্তানো;

## ❑ সুশাসন প্রতিষ্ঠাঃ

- আধুনিক ব্যবস্থাপনা কাঠামো অনুসরণ;
- সময়মতো অফিসে উপস্থিতি নিশ্চিতকরণ;
- দাপ্তরিক শৃঙ্খলা বজায় রাখা;
- অফিস পরিদর্শন;
- পুরস্কার ও তিরস্কার এর ব্যবস্থা;
- স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা;
- যথাযথ হিসাব কোডে রাজস্ব জমা প্রদান এবং প্রমাণপত্র সরবরাহ;

## ❑ ডিজিটাল পরিবেশ সৃষ্টিঃ

- ওয়েবসাইট হালনাগাদ রাখা;
- সকল দপ্তরে ই-মেইলের নিয়মিত ব্যবহার নিশ্চিত করা;
- গ্রুপ-ই মেইল ব্যবহার নিশ্চিত করা;
- দাপ্তরিক ফেসবুক ব্যবহার;
- ডিজিটাল যোগাযোগকে প্রাধান্য দেওয়া;
- কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী সংগ্রহ, বিতরণ ও সংস্থাপন;
- রাজস্ব ও অন্যান্য তথ্যাদি কম্পিউটারে ধারণ;
- ইলেক্ট্রনিক ক্যাশ রেজিস্টার (ECR/ POS) ব্যবসায়ী পর্যায়ে প্রতিষ্ঠা;

## ❑ অংশীদারিত্ব দৃঢ়করণঃ

- জেলা প্রশাসনের সাথে সমন্বিত কার্যক্রম গ্রহণ;
- আয়কর বিভাগের সাথে তথ্য বিনিময় ও সমন্বিত নিরীক্ষা কার্যক্রম;
- যৌথ জরিপ কার্যক্রম পরিচালনা;
- বণিক সমিতির সাথে একযোগে কাজ করা;
- অন্যান্য আইন শৃঙ্খলা বাহিনীর (বিজিবি, পুলিশ, র‌্যাব, আনসার) সাথে সমন্বিত কার্যক্রম;
- সমাজের সকল পর্যায়ের জনগণকে রাজস্ব আহরণ কাজে সম্পৃক্ত করা;

# সেকশন-২

মূসক অনুবিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১7-১8 | প্রক্ষেপণ (Projection) | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্ব প্রাপ্তমন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (source's of data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১6-১7 | | ২০১8-১9 | ২০১9-20 | | |
| রাজস্ব আহরণ বৃদ্ধি | কর জিডিপির অনুপাত বৃদ্ধি | শতকরা হার | 10.60 | | | | | এটর্নি জেনারেলের দপ্তর, বাংলাদেশ ব্যাংক, মহাহিসাব নিরীক্ষকের ও নিয়ন্ত্রকের দপ্তর | মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি ২০১৬-১৭ থেকে ২০১১৮-১৯, অর্থ বিভাগ |

## সেকশন-৩ক

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

**(মোট মান-১০০)**

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives ) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০17-১8 (Target/Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১6-১7 | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০১8-১9 | ২০১9-20 |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১. মামলা নিষ্পত্তি, বকেয়া পরিশোধ এবং নিরীক্ষা ও গোয়েন্দা কার্যক্রমের মাধ্যমে রাজস্ব আহরণ জোরদারকরণ | 100 | ১.১ অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অনুসন্ধ্যান কার্যক্রম | ১.১ দায়েরকৃত মামলাঃ ভ্যাট | সংখ্যা | 10 | 56 | 70 | 10 | 9 | 8 | 7 | 6 | 11 | 13 |
| | | ১.২ মামলা থেকে রাজস্ব আহরণঃ মোট | ১.২ আহরিত মোট ভ্যাট | কোটি টাকায় | 15 | 0 | 1.09 | 3 | 2.75 | 2.50 | 2.25 | 2.00 | 5 | 6 |
| | | ১.৩ বিচারাধীন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তিকরণ | ১.৩ বিভাগীয় মামলা নিষ্পত্তিঃ ভ্যাট | শতকরা হার | 20 | 25 | 31.13 | 70 | 65 | 60 | 55 | 50 | 75 | 80 |
| | | ১.৪ করদাতাগণকে বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধকরণ | ১.৪ বিরোধ নিষ্পত্তি | সংখ্যা | 10 | 6 | 5 | 2 | - | - | - | 1 | 3 | 4 |
| | | ১.৫ বকেয়া কর আহরণ ত্বরান্বিতকরণ | ১.৫ পরিশোধকৃত বকেয়াঃ ভ্যাট | শতকরা হার | 20 | 3.26 | 6.86 | 30 | 29 | 28 | 27 | 26 | 31 | 32 |
| | | ১.৬ অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রম | ১.৬ অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | শতকরা হার | 25 | 10.45 | 22 | 50 | 45 | 40 | 35 | 30 | 52 | 55 |

আমি, কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর হিসেবে সদস্য (ভ্যাট নিরীক্ষা ও গোয়েন্দা) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সদস্য (ভ্যাট নিরীক্ষা ও গোয়েন্দা) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা হিসেবে কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট দপ্তরকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

. . . . . . . . . . . . . . .
কমিশনার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর

তারিখ

. . . . . . . . . . . . . . .
সদস্য (ভ্যাট নিরীক্ষা ও গোয়েন্দা)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

তারিখ

**সংযোজনী-১**

## শব্দ সংক্ষেপ (Acronyms)

| | | |
|---|---|---|
| মূসক | - | মূল্য সংযোজন কর |
| ADR | - | Alternative Dispute Resolution |
| VAT | - | Value Added Tax |
| e-Payment | - | electronic Payment |
| | | |
| ভ্যাট | - | ভ্যালু এ্যাডেড ট্যাক্স |
| ই-পেমেন্ট | - | ইলেক্ট্রোনিক পেমেন্ট |
| ই-ফাইলিং | - | ইলেক্ট্রোনিক ফাইলিং |

**সংযোজনী-২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন | [১.১.১]আদায়কৃত মূসক | ২০১7-১8 অর্থ বছরে বাজেটে নির্ধারিত রাজস্ব আদায়। এ লক্ষ্যে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং সে মোতাবেক কার্যক্রম চলছে। | জাতীয় রাজস্ব বোর্ড | কোটি টাকায় (মহাহিসাব নিয়ন্ত্রকের কার্যালয়ের সাথে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদর্শিত হিসাবের সমন্বয় সাধন) | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] প্রদর্শিত রাজস্ব আদায়ের সাথে ট্রেজারী হিসাবের সমন্বয় সাধন | [১.২.১] অর্ধ-বার্ষিক সমন্বয় সাধন | বাংলাদেশ ব্যাংকে জমাকৃত রাজস্বের সাথে হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় ও সংশ্লিষ্ট অফিস কর্তৃক প্রদত্ত ট্রেজারী চালানের সাথে হিসাবের সমন্বয় সাধন করা। | জাতীয় রাজস্ব বোর্ড | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | ঐ |
| | [১.২.২] বার্ষিক সমন্বয় সাধন | জমাকৃত রাজস্ব সংশ্লিষ্ট অফিসসমূহ ও ট্রেজারীর হিসাবের সমন্বয় সাধন | জাতীয় রাজস্ব বোর্ড | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | ঐ |
| [১.৩] মাঠ অফিসসমূহ পরিদর্শন | [১.৩.১] দাখিলকৃত প্রতিবেদন: মূসক | মাঠ পর্যায়ের অফিসসমূহের মামলা নিষ্পত্তির গুনগত মান পর্যালোচনা ও কর ফাঁকি রোদে যথাযথ নির্দেশ ও পরিপালন প্রতিবেদনে ত্রুটিসমূহ বিশ্লেষণপূর্বক আইননুক কার্যক্রম গ্রহণ জোরদারকরণ | জাতীয় রাজস্ব বোর্ড | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | ঐ |
| [১.৪] অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অনুসন্ধান কার্যক্রম | [১.৪.১] দায়েরকৃত মামলা: মূসক | অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে আহরিত তথ্য পরীক্ষা-নিরীক্ষাপূর্বক আইনের প্রয়োগ করে ফাঁকি/গোপনকৃত আয় পুনরুদ্ধার করা | জাতীয় রাজস্ব বোর্ড | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | ঐ |
| [১.৫] মামলা থেকে রাজস্ব আদায়: মোট | [১.৫.১] আদায়কৃত মূসক | রাজস্ব সম্ভাবনাময় বড় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি ও দাবীকৃত রাজস্ব দ্রুত আদায়ের জন্য তদারকী জোরদারকরণ | জাতীয় রাজস্ব বোর্ড | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | ঐ |
| [১.৬] উৎসে কর কর্তন মনিটরিং | [১.৬.১] পরিবীক্ষিত মূসক | প্রত্যেক সরকারী দপ্তরের ডিডিও-গণ সরবরাহকারী, সেবা প্রদানকারী ও ঠিকাদারদের বিল হতে প্রচলিত নিয়ম অনুযায়ী উৎসে কর কর্তন করে থাকেন | জাতীয় রাজস্ব বোর্ড | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | ঐ |
| [১.৭] কমপ্লাইন্ট করদাতার সংখ্যা বৃদ্ধিকরণ | [১.৭.১] রির্টার্ণ দাখিলের হার: মূসক | যে সকল করদাতা সঠিক সময়ে রির্টার্ণ দাখিলে ব্যর্থ হন, তাদের রিটার্ণ দাখিলের জন্য নোটিশ জারী, জরিমানাসহ অন্যান্য আইনানুগ কার্যক্রম গ্রহণ জোরদারকরণ | জাতীয় রাজস্ব বোর্ড | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | ঐ |
| [১.৮] বিচারাধীন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তিকরণ | [১.৮.১] মামলা নিষ্পত্তি: মূসক | করদাতাদের উদ্ভুত বিরোধসমূহ দ্রুত নিষ্পত্তির নিমিত্তে আপিলের পরিবর্তে বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থা গ্রহণে করতাদাগণকে উদ্বুদ্ধকরণ | ঐ | ঐ | ঐ |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৯] করদাতগণকে বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধকরণ | [১.৯.১] বিরোধ নিষ্পত্তি: মূসক | করদাতাদের উদ্ভুত বিরোধসমূহ দ্রুত নিষ্পত্তির নিমিত্তে আপিলের পরিবর্তে বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থা গ্রহণে করতাদাগণকে উদ্বুদ্ধকরণ | জাতীয় রাজস্ব বোর্ড | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | ঐ |
| [১.১০] বকেয়া কর আদায় ত্বরান্বিতকরণ | [১.১০.১] আদায়কৃত বকেয়া: মূসক | বকেয়া কর আদায়ের জন্য জরিমানা, ব্যাংক হিসাব জব্দ ও সার্টিফিকেট মামলাসহ আইনানুগ কার্যক্রম গ্রহণ ও তদারকি জোরদারকরণ | ঐ | ঐ | ঐ |
| [১.১১] রির্টাণ পরীক্ষাকরণ | [১.১১.১] রির্টাণ পরীক্ষা: মূসক | করদাতা কর্তৃক দাখিলকৃত রির্টাণসমূহ পরীক্ষাপূর্বক ক্রুটিপূর্ণ রির্টাণ বাছাই করে ডেস্ক অডিট ও প্রযোজ্য ক্ষেত্রে ফিল্ড অডিটসহ অন্যান্য আইনানুগ কার্যক্রম গ্রহণ জোরদারকরণ | ঐ | ঐ | ঐ |
| [১.১২] জরিপ কার্যক্রম | [১.১২.১] করদাতা বৃদ্ধি: মূসক | জরিপের মাধ্যমে তথা আন্ত:প্রতিষ্ঠানসমূহ হইতে তথ্য সংগ্রহপূর্বক নতুন করদাতাদের কর নেটের আওতায় জোরদারকরণ | ঐ | ঐ | ঐ |
| [২.১] প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞাপন/অনুষ্ঠান প্রচার | [২.১.১] বিজ্ঞাপন/অনুষ্ঠান প্রচার: মূসক | প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞাপন ও অনুষ্ঠান প্রচারের মাধ্যমে করদাতাগণকে কর প্রদানে উদ্বুদ্ধকরণ | ঐ | ঐ | ঐ |
| [২.২] করদাতাগণকে প্রচলিত আইনে তাদের অধিকার ও বাধ্যবাধকতা সম্পর্কে সম্যক ধারণা দেওয়ার নিমিত্ত নিয়মিত মিথস্ক্রিয়া/যোগাযোগ স্থাপন | [২.২.১] অনুষ্ঠিত সভা/যোগাযোগ: মূসক | করদাতাগণকে প্রচলিত আইনে তাদের অধিকার ও বাধ্যবাধকতা সম্পর্কে সম্যক ধারণা দেওয়ার নিমিত্ত যোগাযোগ স্থাপন ও সভা-সমাবেশ অনুষ্ঠান | ঐ | ঐ | ঐ |
| [২.৩] সেবা কেন্দ্রের মাধ্যমে করদাতা সেবা বৃদ্ধিকরণ | [২.৩.১] সেবা গ্রহণকারীর সংখ্যা: মূসক | সেবা কেন্দ্রের মাধ্যমে করদাতা সেবা বৃদ্ধিকরণ ও কর প্রদানে উৎসাহ প্রদান | ঐ | ঐ | ঐ |
| [২.৪] ভ্যাট অনলাইন প্রকল্প বাস্তবায়ন | [২.৪.১] অনলাইনে মূসক রেজিস্ট্রেশনের প্রস্তুতি সম্পন্ন | অনলাইনে মূসক রেজিস্ট্রেশনের প্রস্তুতি সহজীকরণ, যাতে অনলাইনে করদাতা সহজে মূসক রেজিষ্ট্রিশণ করতে পারেন | ঐ | ঐ | ঐ |
| | [২.৪.২] অনলাইনে মূসক রিটার্ণ দাখিল শুরু | করদাতা যাতে সহজে অনলাইনে মূসক রিটার্ণ দাখিল করতে পারেন, সে ব্যবস্থা গ্রহণ | ঐ | ঐ | ঐ |
| [২.৫] ই-পেমেন্ট পদ্ধতি | [২.৫.১] রাজস্ব আদায়: মূসক | করদাতা সহজেই ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ডের মাধ্যমে এ পদ্ধতির আওতায় কর পরিশোধ করতে পারেন। | ঐ | ঐ | ঐ |
| [২.৬] কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৬.১] প্রশিক্ষণ প্রদান: মূসক | কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি | ঐ | ঐ | ঐ |

**সংযোজনী ৩:** অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| **প্রতিষ্ঠানের ধরণ** | **প্রতিষ্ঠানের নাম** | **সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক** | **উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা** | **প্রত্যাশার যৌক্তিকতা** | **প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব** |
|---|---|---|---|---|---|
| অন্যান্য | এটর্নী জেনারেলের দপ্তর | আপিল মামলা নিষ্পত্তি : মূসক | মামলা দ্রুত নিষ্পত্তি | রাজস্ব আদায় নিশ্চিত করা | রাজস্ব ক্ষতি ও আইন প্রয়োগে জটিলতা |
| অন্যান্য | বাংলাদেশ ব্যাংক | দায়েরকৃত মামলা: মূসক | চাহিত তথ্যের দ্রুত প্রাপ্তি | করফাঁকি উদঘাটন | রাজস্ব ক্ষতি ও আইন প্রয়োগে জটিলতা |
| অন্যান্য | মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের দপ্তর | বার্ষিক সমন্বয় সাধন, অর্ধ-বার্ষিক সমমন্বয় সাধন | চাহিত তথ্য দ্রুত প্রাপ্তি | রাজস্ব আদায়ের প্রকৃত তথ্য উদঘাটন | রাজস্ব আদায়ের সঠিক চিত্র পাওয়া যাবে না। |